

**সেনাগোর সরকারি বিদ্যালয়গুলোর খাবার পরিষেবাতে নথিভুক্ত অপ্রাপ্তবয়স্কদের
পরিবারবর্গের প্রতি**

বিষয়: স্কুল ক্যান্টিনের অর্থ পরিশোধ ব্যবস্থাপনা সংক্রান্ত বিজ্ঞপ্তি।

প্রিয় অভিভাবকবৃন্দ,

স্কুল ক্যান্টিন পরিষেবায় বিপুল পরিমাণ বকেয়া শনাক্ত হওয়ায়, এই চিঠির মাধ্যমে পৌর প্রশাসন আপনাদেরকে সেই কার্যপ্রণালী সম্পর্কে অবহিত করতে চাইছে যা ২০২৬ সালের মে মাস থেকে কার্যকর হবে, এবং এই কার্যবিধি সেই সকল ব্যক্তিদের জন্য প্রযোজ্য হবে যারা তাদের বকেয়া পরিশোধে অনিয়ম করেছেন।

বিশেষত, প্রতি মাসিক কিস্তি পরিশোধের সময়সীমা শেষ হওয়ার পর, সংশ্লিষ্ট দপ্তর বকেয়া অর্থপ্রদান ব্যাপারে যাচাই করবে এবং ETICA পোর্টালের মাধ্যমে একটি **প্রাথমিক সৌজন্যমূলক অনুস্মারক বা মনে করিয়ে দেয়ার জন্য একটি নোটিশ** পাঠাবে (অনুগ্রহ করে মনে রাখবেন যে সিস্টেমের মাধ্যমে পাওয়া ই-মেইলের উত্তর দেওয়া সম্ভব নয়। যেকোনো প্রশ্নের জন্য, অনুগ্রহ করে refezionesenago@comune.senago.mi.it- এই ই-মেইলে যোগাযোগ করুন)।

যদি বকেয়া পরিস্থিতি অব্যাহত থাকে অর্থাৎ বকেয়া শোধ না করা হয়, তাহলে যোগাযোগ প্রাপ্তির **৭ দিনের** মধ্যে বকেয়া অর্থ পরিশোধের দাবি জানিয়ে একটি আনুষ্ঠানিক অভিযোগ দায়ের করা হবে।

অনুগ্রহ করে মনে রাখবেন যে, বর্তমান প্রবিধানে উল্লিখিত ক্ষেত্রগুলিতে, কিস্তিতে বকেয়া পরিশোধের অনুরোধ করার জন্য স্কুল পরিষেবা অফিসে অথবা, সুনির্দিষ্ট আর্থিক সংকটের পরিস্থিতিতে, পরিস্থিতি মূল্যায়নের জন্য সমাজসেবা অফিসে যোগাযোগ করা যাবে।

অর্থ পরিশোধের অনুরোধ পাওয়ার পরেও যদি বকেয়া অর্থ পরিশোধ করা না হয় এবং অথবা কিস্তির ব্যবস্থা চালু না করা হয় বা সমাজসেবা বিভাগ কোনো দায়িত্ব না নেয়, **তাহলে বকেয়ার সমাধান না হওয়া পর্যন্ত উক্ত অ্যাকাউন্টের সাথে যুক্ত প্রত্যেক শিক্ষার্থীর জন্য ক্যান্টিন পরিষেবা স্থগিত করা হবে।**

এটা স্পষ্ট করা প্রয়োজন যে, ক্যান্টিনে শিক্ষার্থীর খাবার ব্যবস্থা “বন্ধ” থাকলে, যে সকল পরিবার মধ্যাহ্নভোজের সময়ে তাদের সন্তানকে স্কুল থেকে নিতে আসবে না সে ক্ষেত্রে স্থানীয় পুলিশ তাদের সাথে যোগাযোগ করবে।

দয়া করে মনে রাখবেন যে, বর্তমান নিয়ম অনুযায়ী, নতুন শিক্ষাবর্ষে জন্য ভর্তি নবায়ন করার সময় বা প্রাথমিক ভর্তির সময় যাদের ক্যান্টিন, প্রাক-বিদ্যালয়, স্কুল পরিবহন বা নার্সারি স্কুলের ফি বাবদ পূর্বের বকেয়া থাকবে, তারা কোনো স্কুল বা নার্সারি পরিষেবাতে ভর্তি হতে পারবে না।

উপরে বর্ণিত কার্যপ্রণালী এড়ানোর জন্য, সকল পরিবারকে নিম্নলিখিত পদ্ধতি অনুসারে ক্যান্টিন পরিষেবার জন্য যেকোনো বকেয়া অর্থ অবিলম্বে পরিশোধ করার জন্য **আহ্বান জানানো হচ্ছে**:

- **ডিসেম্বর ২০২৫ পর্যন্ত বকেয়ার জন্য:** সেনাগোতে, Piazza Tricolore 40 এ অবস্থিত **মাল্টিসার্ভিস (MULTISERVIZI)** কোম্পানির সাথে 02. 99056197 নম্বরে টেলিফোনে অথবা amministrazione@multiservizi-senago.it এই ই-মেইলে অ্যাপয়েন্টমেন্ট নিয়ে যোগাযোগ করতে পারেন।

- **জানুয়ারি ২০২৬ থেকে বকেয়ার জন্য:** আপনার ব্যক্তিগত অ্যাকাউন্টের জন্য তৈরি এবং ইতিমধ্যে জমা দেওয়া PagoPA পেমেন্ট স্লিপ পরিশোধ করে। অনুগ্রহ করে মনে রাখবেন যে, যেকোনো সার্চ ইঞ্জিনে "ETICA SOLUZIONI SENAGO" লিখে ক্লিক করে এবং রেজিস্ট্রেশনের সময় দেওয়া ইউজারনেম ও পাসওয়ার্ড প্রবেশ করিয়ে আপনি Etica পোর্টালে প্রবেশ করে আপনার পেমেন্টের অবস্থা পরীক্ষা করতে পারবেন (যদি আপনি ইউজারনেম ও পাসওয়ার্ড ভুলে যান, তবে তা পুনরুদ্ধার করার পদ্ধতি অনুসরণ করতে পারেন)। একবার লগ ইন করার পর, উপরের ডানদিকে থাকা "PAGAMENTI"> "ELENCO PAGAMENTI" এই অংশে যান। এই বিভাগ থেকে, আপনি এখন পর্যন্ত যেকোন অপরিশোধিত PagoPA পেমেন্ট স্লিপও ডাউনলোড করতে পারবেন।

আরও যেকোনো প্রয়োজন বা স্পষ্টীকরণের জন্য Villa Sioli, via San Bernardo 7 -এ অবস্থিত স্কুল সার্ভিস অফিস আপনার সেবায় নিয়োজিত থাকবে (সময়: সোম, বুধ, শুক্র সকাল ৮:৩০-১২ট পর্যন্ত; মঙ্গল, বৃহস্পতি বিকেল ৪টা-৬টা); যোগাযোগ: refezionesenago@comune.senago.mi.it ; টেলিফোন: 02.99083239 - 299 ।

স্কুলের খাবার পরিষেবাটি শান্তিপূর্ণভাবে উপভোগের জন্য সকল পরিবারের বোঝাপড়া ও সহযোগিতার উপর আস্থা রেখে আমরা আন্তরিক শুভেচ্ছা জানাচ্ছি।

বিভাগীয় প্রধান
বিদ্যালয়, ক্রীড়া ও সাংস্কৃতিক পরিষেবা
Dott.ssa Rosa Sessa*

* এই নথিটি আইন প্রণয়ন অধ্যাদেশ নং ৮২/২০০৫ অনুসারে ডিজিটালভাবে স্বাক্ষরিত।